



বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট

৩ সার্কিট হাউস রোড, ঢাকা – ১০০০

ফোন: ৯৩৩০০৮১-৪, ফ্যাক্স: ৮৮০-২-৮৩১৭৪৫৮, ওয়েবসাইট: পিআইবি.বাংলা || www.pib.gov.bd ই-মেইল: dgpib@yahoo.com

পিআইবি'র ইনোভেশন টিমের জুন ২০১৮ মাসের সভার কার্যবিবরণী

পিআইবি'র ইনোভেশন টিমের জুন ২০১৮ মাসের সভা আজ ২৫ জুন ২০১৮ খ্রি. তারিখ বেলা ১১:০০টায় ইনোভেশন অফিসার ও পরিচালক, অধ্যয়ন ও প্রশিক্ষণ বেগম আনোয়ারা বেগম-এর সভাপতিত্বে তাঁর কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় নিম্নোক্ত কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

১। ড. কামরুল হক, রিসার্চ অফিসার

২। মোহাম্মদ আফতাব উদ্দীন ভুঁঞা, মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (অতিরিক্ত দায়িত্ব)

আলোচ্যসূচীঃ

ক) উদ্ভাবন সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০১৭-১৮ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা

খ) উদ্ভাবন সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন ২০১৭-১৮ তৈরি করা

গ) উদ্ভাবন সংক্রান্ত বার্ষিক কর্মপরিকল্পনা ২০১৮-১৯ প্রণয়ন করা

ঘ) বিবিধ।

সভায় উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন।

ক. জনাব মোহাম্মদ আফতাব উদ্দীন ভুঁঞা জানান, তথ্য মন্ত্রণালয়ের ২৪ জুন ২০১৮ তারিখের পত্র অনুযায়ী এবং মন্ত্রীপরিষদ বিভাগ আয়োজিত বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক পর্যালোচনা সভার সিদ্ধান্ত অনুযায়ী ২৬ জুন ২০১৮ তারিখ এর মধ্যে পিআইবি'র উদ্ভাবন সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন ২০১৭-১৮ তৈরি করতে হবে এবং পিআইবি'র উদ্ভাবন সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০১৮-১৯ প্রণয়ন করে তা ওয়েবসাইটে প্রকাশ করে ২৮ জুন ২০১৮ তারিখ এর মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

এ প্রেক্ষিতে বিস্তারিত আলোচনান্তে উদ্ভাবন সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০১৭-১৮ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা পূর্বক পিআইবি'র উদ্ভাবন সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন ২০১৭-১৮ তৈরি করা হয়েছে। এছাড়া মহাপরিচালক মহোদয়ের নির্দেশনা এবং সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণের পরামর্শ অনুযায়ী উদ্ভাবন সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০১৮-১৯ প্রণয়ন করা হয়েছে।

খ. ইনোভেশন অফিসার জানান, মন্ত্রীপরিষদ বিভাগ আয়োজিত বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক পর্যালোচনা সভার সিদ্ধান্ত অনুযায়ী উদ্ভাবনী উদ্যোগ গ্রহণের জন্য এবং এ সংক্রান্ত কাজের সঙ্গে যুক্ত কর্মকর্তা/কর্মচারীদের প্রণোদনা প্রদানের বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়েছে। সে অনুযায়ী পিআইবি'র মহাপরিচালক প্রণোদনা প্রদানের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের একটি তালিকা প্রদানের নির্দেশ দিয়েছেন।

এ প্রেক্ষিতে বিস্তারিত আলোচনান্তে প্রণোদনা প্রদানের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের একটি তালিকা তৈরি করা হয়েছে (সংযুক্ত)।

সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আনোয়ারা বেগম

ইনোভেশন অফিসার

ও

পরিচালক, অধ্যয়ন ও প্রশিক্ষণ